MAR. 0 5 2000

ভোরের কাগজ

পৃষ্ঠা ১ কলাম ৪

১৫০

# দাখিল পরীক্ষাতেও গণনকলের ধুম

কাগজ প্রতিবেদক : মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে গতকাল শনিবার সারা দেশে দাখিল পরীক্ষা শুরু হয়েছে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর অনুযায়ী, পরীক্ষার প্রথম দিনে প্রায় সব কেন্দ্রে গণটোকাটুকি চলেছে। নকল করতে এবং নকলে সহায়তার অভিযোগে ছাত্রছাত্রী ও শিক্ষক বহিষ্কারের ঘটনাও ঘটেছে।

ঝালকাঠি প্রতিনিধি জানান, জেলার সব কেন্দ্রে অবাধে চলেছে নকল উৎসব। এসব কেন্দ্রে প্রায় ৩০ বছর বয়স্ক এমন অনেক পরীক্ষার্থীকেও দেখা গেছে। জানা গেছে, মাধ্যমিক পরীক্ষায় ফেল করা অনেক ছাত্রছাত্রী দাখিল পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে সদর থানার পিপলিতা আজাহারিয়া দাখিল মাদ্রাসা বোর্ডের অধিভুক্ত না হলেও এ মাদ্রাসার পরীক্ষার্থী প্রায় ৯০ জন।

লক্ষীপুর প্রতিনিধি জানান, নকল করার অপরাধে জেলার ৫টি কেন্দ্রের ৩০ জনকে পরীক্ষার প্রথমদিনে বহিষ্কার করা হয়।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## দাখিল পরীক্ষা

● প্রথম পাতার পর

জয়পুরহাট প্রতিনিধি ১ জন শিক্ষকসহ ৩৩ জনের বহিষ্কারের খবর দিয়েছেন। নওয়াপাড়া সংবাদদাতা জানান, থানার ২টি কেন্দ্র থেকে মোট ২৯ জনকে বহিষ্কার করা হয়। এ ছাড়া অভয়নগরের গাজীপুর রউফিয়া মাদ্রাসার ৬৫ জন পরীক্ষার্থী প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষা দিতে পারেনি। শ্রীপুর সংবাদদাতা জানান, থানার ৬ জন পরীক্ষার্থী ৩০ হাজার টাকা দিয়ে ফরম পূরণ করেও তারা পরীক্ষায় অংশ নিতে পারেনি। বরগুনা প্রতিনিধি জানান, নকলে সহযোগিতা করার জন্য আমতলী মাদ্রাসার ৫ শিক্ষককে বহিষ্কার করা হয়।